

মা আসছে

সমীরণ রাজবংশী



নীল আকাশের বুকে ভাসে
সাদা মেঘের ভেলা।
মাটির কোলে কাশ, পদ্ম
শিউলিফুলের মেলা।।
শিশিরভেজা মাটির গন্ধে
দূর্বাদলের স্নান।
মা আসছে ঘোড়ায় চড়ে
অন্তরে শুনি আগমনী গান।।

পিতৃপক্ষের শেষ আর
দেবীপক্ষের শুরু।
মাতাল বাবুদের খুশির দিন
আসছে বুঝলে গুরু।।

সার্বজনীন পূজা আয়োজন, প্যাণ্ডেলের
সাজসজ্জার বাজেট ও চরম।
খাওয়াদাওয়ার বহর বাড়বে
পকেট তখন খুব গরম।।

উগ্র মেকআপ, বডি স্ট্রে-ভ্যাপসা
ঘামের গন্ধ।
তবুও প্যাণ্ডেলে প্যাণ্ডেলে
লাগে নাকো মন্দ।।

দেখা যাবে উঠতি যৌবনের ফ্যাশন,
হেয়ারস্টাইল এর বাহার যত।
ঝিনু নাকুড় নেকি মামনিদের
ন্যাকামিও কত।।

পটকাবাজি, হৈ হুল্লোড় - সাবধানতা
না মানা বারণের পাঁচটা দিন।
বাঙালির দুগ্নি পূজোর
বাজবে খুশির বীন।।

বন্ধু... কেলালাবাসীর দিন কাটছে কেমন?
বন্যায় সর্বস্ব গেছে যাদের।
মোদের ঢাকের কাঠির বোলে পড়বে
চাপা - শত কষ্টের আবেগ - ওদের।।

ফিরে পায় যেন পুরনো জীবন
নতুন স্বপ্ন - আশা - আকাঙ্ক্ষায়।
মাগো... তোর পায়ে অঞ্জলি দেব
ওদেরই শুভ কামনায়।। ✍